

# জে এস সি পরীক্ষা ২০১৭ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

বাংলা দ্বিতীয় পত্র

বিষয় কোড : 1 0 2

রচনামূলক প্রশ্ন

সময়—১ ঘণ্টা ৪০ মিনিট

মান—৩০

দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। উত্তর প্রাসঙ্গিক হওয়া বাঞ্ছনীয়।  
একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষারীতির মিশ্রণ দৃশ্যীয়।

১। সারাংশ লেখ :

(ক) সূর্যের আলোতে রাতের অন্ধকার কেটে যায়। শিক্ষার আলো আমাদের অজ্ঞানতার অন্ধকার দূর করে। আমাদের দৃষ্টিতে চারপাশের জগৎ আরো সুন্দর হয়ে ওঠে। আমরা জীবনের নতুন অর্থ খুঁজে পাই; শিক্ষার আলো পেয়ে আমাদের ভিতরের মানুষটি জেগে ওঠে। আমরা বড় হতে চাই, বাঁচার মতো বাঁচতে চাই। আর সুন্দর করে বাঁচতে হলে চাই জ্ঞান। সেই জ্ঞানকে কাজেও লাগানো চাই। শিক্ষার ফলে আমাদের ভিতর যে শক্তি লুকানো থাকে তা ধীরে ধীরে জেগে ওঠে। আমরা মানুষ হয়ে উঠি।

অথবা, (খ)

সারমর্ম লেখ :

হে সূর্য! শীতের সূর্য!  
হিমশীতল সুদীর্ঘ রাত তোমার প্রতীক্ষায়  
আমরা থাকি  
যেমন প্রতীক্ষা করে থাকে কৃষকের চঞ্চল চোখ  
ধান কাটার রোমাঞ্চকর দিনগুলির জন্যে।  
হে সূর্য, তুমি তো জানো,  
আমাদের গরম কাপড়ের কত অভাব!  
সারারাত খড়কুটো জ্বালিয়ে  
এক টুকরো কাপড়ে কান ঢেকে  
কত কষ্টে আমরা শীত আটকাই!  
সকালের এক টুকরো রোদ্দুর—  
এক টুকরো সোনার চেয়েও মনে হয় দামি।

২। যেকোনো একটির ভাব-সম্প্রসারণ কর :

(ক) আমার ভাইয়ের রক্তে রাঙানো একুশে ফেব্রুয়ারি  
আমি কি ভুলিতে পারি।

(খ) জ্ঞানহীন মানুষ পশুর সমান।

৩। (ক) অনুচ্ছেদ লেখ : সততা।

অথবা, (খ) নিচের অনুচ্ছেদটি পড় এবং অনুধাবন করে প্রশ্নগুলোর উত্তর দাও :

বাংলা সনের প্রথম মাসের নাম বৈশাখ। পয়লা বৈশাখ বাঙালির নববর্ষ। নববর্ষ সকল দেশের, সকল জাতিরই আনন্দ উৎসবের দিন। শুধু আনন্দে উচ্ছ্বাস-ই না, সকল মানুষের জন্য কল্যাণ কামনারও দিন। আমরাও সুখ-শান্তি-সমৃদ্ধি ও কল্যাণের প্রত্যাশা নিয়েই মহাধুমধামের সঙ্গে আমাদের নববর্ষ উদ্‌যাপন করি। একে অন্যকে বলি শুভ নববর্ষ।

i. 'আনন্দ' শব্দের বিপরীত শব্দ লেখ।

ii. 'উচ্ছ্বাস' শব্দটির সন্ধি বিচ্ছেদ কর।

iii. 'দিন' শব্দের একটি সমার্থক শব্দ লেখ।

iv. বাংলা নববর্ষের মতো সার্বজনীন আরো একটি উৎসবের সংক্ষিপ্ত পরিচয় দাও।

৪। যেকোনো একটি বিষয়ে পত্র লেখ :

(ক) কম্পিউটার শিক্ষার গুরুত্ব বর্ণনা করে তোমার ছোট বোন চুমকিকে একটি চিঠি লেখ।

অথবা, (খ) ধর, তোমার পাড়ায় "আঞ্চলিক মৈত্রী সংঘ" নামে একটি ক্লাব আছে। ক্লাবের পক্ষ থেকে বাংলা নববর্ষ উদ্‌যাপন উপলক্ষে একটি নিমন্ত্রণপত্র রচনা কর।

৫। যেকোনো একটি বিষয়ে প্রবন্ধ রচনা কর :

(ক) বাংলা নববর্ষ [সংকেত : সূচনা, বঙ্গাব্দ বা বাংলা সনের ইতিহাস, নববর্ষের উৎসব, পহেলা বৈশাখ, নববর্ষের প্রভাব, নববর্ষের তাৎপর্য উপসংহার]।

(খ) স্বদেশপ্রেম [সংকেত : সূচনা, স্বদেশপ্রেমের সংজ্ঞার্থ, স্বদেশপ্রেমের স্বরূপ, স্বদেশপ্রেমের অনুভূতি, ছাত্রজীবনে স্বদেশপ্রেম, বাঙালির স্বদেশপ্রেম ও বিশ্বপ্রেম, উপসংহার]।

(গ) মুক্তিযুদ্ধ জাদুঘর [সংকেত : সূচনা, জাদুঘরের প্রতিষ্ঠা, জাদুঘরের অবকাঠামো, জাদুঘরের কার্যক্রম, উপসংহার]।



[বিশেষ দৃষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রের প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে সঠিক উত্তরের বর্ণটিতে টিক(✓) চিহ্ন দাও।

প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে।]

১. ভাষাকে কিসের বাহন বলা হয়?  
ক) ভাবের                      খ) অন্তরের  
গ) ধ্বনির                      ঘ) কাজের
২. পৃথিবীতে কত লোকের মাতৃভাষা বাংলা?  
ক) ত্রিশ কোটি  
খ) প্রায় ত্রিশ কোটি  
গ) ত্রিশ কোটির কম  
ঘ) ত্রিশ কোটির বেশি
৩. নিচের কোনটি চলিত রীতির বৈশিষ্ট্য?  
ক) গুরুগম্ভীর              খ) অপরিবর্তনীয়  
গ) তৎসম শব্দবহুল        ঘ) পরিবর্তনশীল
৪. শব্দের প্রথমে স্বরবর্ণের পূর্ণরূপ বসেছে কোনটিতে?  
ক) বেদুইন                      খ) বাউল  
গ) ইলিশ                      ঘ) যাও
৫. উ-কারের ব্যবহার রয়েছে—  
ক) শশী                          খ) কিনি  
গ) সূচি                          ঘ) বৈরী
৬. যুক্ত ষ + ট/ঠ-এর উচ্চারণ 'শ'-এর মতো, উদাহরণ কোনটি?  
ক) মিষ্টান্ন                      খ) শাশু  
গ) মশা                          ঘ) শ্বেত
৭. 'সন্ধি' শব্দের অর্থ কী?  
ক) চুক্তি                          খ) আত্মীয়তা  
গ) মিলন                          ঘ) সন্দেহ
৮. 'নয়ন' শব্দটির সঠিক বিচ্ছেদ কোনটি?  
ক) নে + ন                      খ) নে + অন  
গ) ন + অন                      ঘ) ন + যন
৯. 'দুঃ' এর সঠিক সন্ধি বিচ্ছেদ হলো—  
ক) দু + থ                          খ) দুঃ + ম্খ  
গ) দু + ম্খ                          ঘ) দুঃ + থ
১০. বিভক্তিযুক্ত শব্দকে বা বাক্যে ব্যবহৃত শব্দকে বলে—  
ক) প্রত্যয়                      খ) দ্বিবৃত্তি  
গ) পদ                              ঘ) প্রাতিপদিক
১১. 'কতকগুলো শব্দ শুধু স্ত্রীবাচক হয়'— এর উদাহরণ কোনটি?  
ক) সৎমা                          খ) মানবী
১২. স্বয়ং, নিজ, খোদ, আপনি— ইত্যাদি কোন ধরনের সর্বনামের উদাহরণ?  
ক) ব্যক্তিবাচক                  খ) আত্মবাচক  
গ) সাকল্যবাচক                  ঘ) অন্যাদিবাচক
১৩. 'সাইরেন বেজে উঠল'— বাক্যটিতে কোন ক্রিয়ার ব্যবহার হয়েছে?  
ক) অকর্মক                      খ) দ্বিকর্মক  
গ) যৌগিক                      ঘ) সকর্মক
১৪. 'আমরা রাজশাহী গিয়েছিলাম'— বাক্যটি ক্রিয়ার কোন কালের উদাহরণ?  
ক) সাধারণ অতীত              খ) ঘটমান অতীত  
গ) পুরাঘটিত অতীত              ঘ) নিত্যবৃত্ত অতীত
১৫. অনুভূতির কাল্পনিক অনুকৃতি বিশিষ্ট শব্দ কোনটি?  
ক) গুনগুন                      খ) গরগর  
গ) ঝমঝম                      ঘ) ছমছম
১৬. শব্দের পরে প্রত্যয় যোগ করে গঠিত সাধিত শব্দ কোনটি?  
ক) বিজ্ঞান                      খ) নিমাই  
গ) মুখচন্দ্র                      ঘ) বিদ্যালয়
১৭. 'একপাল গরু মাঠে চরছে'— এ বাক্যের বিধেয় অংশ কোনটি?  
ক) একপাল গরু                  খ) গরু মাঠে  
গ) মাঠে চরছে                  ঘ) গরু মাঠে চরছে
১৮. বাক্যে সম্বোধনের পরে কোন যতি চিহ্ন বসে?  
ক) কমা                          খ) সেমিকোলন  
গ) কোলন                          ঘ) বিস্ময়চিহ্ন
১৯. কোন শব্দের বানানে 'ণ'-এর নিয়ম প্রযোজ্য হয়?  
ক) তৎসম                          খ) তদ্ভব  
গ) দেশি                          ঘ) বিদেশি
২০. অভিধানে ব্যবহৃত 'ঔ' এর পর বর্ণানুক্রম কোনটি?  
ক) ক                              খ) ং  
গ)                                  ঘ) ঃ

উত্তরমালা

১	ক	২	খ	৩	ঘ	৪	গ	৫	গ	৬	ক	৭	গ	৮	খ	৯	ঘ	১০	গ	১১	ক	১২	খ	১৩	গ	১৪	গ	১৫	ঘ	১৬	খ	১৭	গ	১৮	ক	১৯	ক	২০	খ
---	---	---	---	---	---	---	---	---	---	---	---	---	---	---	---	---	---	----	---	----	---	----	---	----	---	----	---	----	---	----	---	----	---	----	---	----	---	----	---